"ব্যুরো অফ সোস্যাল ওয়াচ"
BUREAU OF SOCIAL WATCH

মানিকগঞ্জ, বাংলাদেশ।

সংবিধান/ গঠনতন্ত্র

ধারা নং-১

(ক) প্রতিষ্ঠানের নাম ঃ "ব্যুরো অফ সোস্যাল ওয়াচ"

BUREAU OF SOCIAL WATCH

(খ) প্রতিষ্ঠানের ধরণ ঃ ইহা একটি অরাজনৈতিক, অলাভজনক সমাজ কল্যাণ মূলক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান।

ধারা নং-২

(ক) রেজিষ্ট্রেশনের ঠিকানা ঃ ৭০/২ দক্ষিণ সেওতা, মানিকগঞ্জ, বাংলাদেশ।

(খ) প্রধান কার্যালয় ঃ বাড়ী নং-৩৩/জি, সড়ক নং-০৭, বনানী, ঢাকা-১২১২।

(গ) প্রকাশ থাকে যে, ভবিষ্যতে প্রয়োজন বোধে অত্র প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়টি বৃহত্তর ঢাকা জেলার যে কোন স্থানে স্থানান্তরিত করা যাইবে। যাহা নিবন্ধন করণ কর্তৃপক্ষের অবগতির মাধ্যমে কার্য্যকরী হইবে।

ধারা নং-৩

প্রতিষ্ঠানের কার্যক্রম এলাকা ঃ

প্রাথমিক ভাবে বৃহত্তর ঢাকা জেলার অঞ্চল সমূহে অত্র প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালিত হইবে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে নিবন্ধন করণ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে সমগ্র বাংলাদেশে এই প্রতিষ্ঠানের কার্যক্রম সম্প্রসারিত হবে।

মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ।

ধারা নং-৪

প্রতিষ্ঠানের লক্ষ্য ঃ-

(ক) সর্বজনীন মানবাধিকার সংরক্ষণ করা।

(খ) নারী পুরুষের এব শ্রেণী বৈসম্য দূর করা।

(গ) নারী ও শিশু পাচার রোধে সামাজিক আন্দোলন গড়ে তোলা।

(ঘ) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও জন সংখ্যা সীমিত রাখা।

(ঙ) দুঃস্থ ও ভূমিহীন পরিবারদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

(চ) মাদক দ্রব্য মুক্ত সমাজ গঠন এবং এইডস প্রতিরোধ করা।

(ছ) অপরাধ মুক্ত এবং দূষণ মুক্ত সমাজ গঠন করা।

(জ) সকল প্রকার দূর্ঘটনা রোধ করা ইত্যাদি।

(খ) উদ্দেশ্য ঃ-

১। সর্বজনীন মানবাধিকার সংরক্ষণের ক্ষেত্রে দরিদ্র ও অবহেলিত জনগোষ্ঠির সামাজিক অধিকার সহ মৌখিক চাহিদা পূরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

২। দরিদ্র ও অবহেলিত জনগোষ্ঠিকে সামাজিক ও মৌলিক অধিকার সম্পর্কে সচেতন করা, অশিক্ষিত দুঃস্থ পরিবারদের পারিবারিক অদিকার, স্ত্রী অধিকার এবং তাহাদের উপর পারিবারিক ও সামাজিক নীপিড়ন এবং নির্যাতন ও অত্যাচার সম্পর্কে আইনগত সমাধান কল্পে ধারনা সৃষ্টির মাধ্যমে সহায়তা করা।

৩। লক্ষ্য ভূক্ত জনগোষ্ঠিকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করার লক্ষ্যে শিশু/নারী শিক্ষার প্রসার লাভ করা।

৪। সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠান এবং আইন শৃংখলা নিয়ন্ত্রনে স্থানীয় প্রশাসনের সাথে সার্বক্ষনিক সমন্বয় সাধন করা।

৫। নারী ও শিশু পাচার রোধ কল্পে প্রশাসনের সাথে যোগাযোগ ও সমন্বয়ে সাধন সহ সার্বিক ভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

৬। সড়ক পথ ও নৌ-পথ সহ দেশের সকল ক্ষেত্রে সকল প্রকার দূর্ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৭। পাবলিক পরীক্ষায় নকল প্রতিহত করা এবং নকলের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা।

৮। সরকারী ও বে-সরকারী চিকিৎসা কেন্দ্রে দূষণ মুক্ত রক্ত সরবরাহ প্রাপ্তির ক্ষেত্রে জনগণকে সহায়তা করা।

৯। অভিষ্ঠ জনগোষ্ঠি তথা বিভিন্ন পেশা জীবি সংগঠন এবং স্থানীয় স্বেচ্ছায়সেবী সংস্থা সমূহের কর্মকর্তাও কর্মীদের বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষনের ব্যবস্থা করা।

১০। দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

১১। বন্যা, ঘুর্ণিঝড় এবং অন্যান্য প্রাকৃতিক দূর্যোগের সময় জরুরী কার্য্যক্রম গ্রহণ করা।

১২। স্থানীয় জনগণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের জন্য উৎসাহিত করিয়া জন সংখ্যা সীমিত রাখা এবং সুচিকিৎসা প্রাপ্তির ক্ষেত্রে সহায়তা দেওয়া।

০৩/০৬/২০

মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

১৩। অপরাধ মুক্ত এবং দূষণ মুক্ত সমাজ গঠনে সার্বিক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

১৪। মাদকদ্রব্য অপব্যবহার এবং ঘাতক ব্যাধি এইডস্ প্রতিরোধ কল্পে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করা।

১৫। জাতীয় ও স্থানীয় নির্বাচন সহ সকল প্রকার নির্বাচন পর্যবেক্ষণ করা।

১৬। প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য মোতাবেক প্রস্তাবিত কর্মসূচী গুলি সমাজ পর্যবেক্ষনের মাধ্যমে সুষ্ঠু পরিচালনা এবং ব্যবস্থাপনার সুবিধার্থে স্থানীয় প্রশাসন সহ বিভিন্ন পেশাজীবী সংগঠন, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে স্বেচ্ছায়সেবী প্রতিষ্ঠান ও দাতা সংস্থা সমূহের সাথে সমন্বয় সাধন করা ইত্যাদি।

ধারা নং-৫

(ক) সদস্য হওয়ার প্রসঙ্গ ঃ-

জাতি, ধর্ম, বর্ণ, নির্বিশেষে বাংলাদেশের সৎ ও চরিত্রবান নাগরিক যাহাদের বয়স ১৮ (আঠার) বৎসর তাহাদের এই সংস্থার আদর্শ ও উদ্দেশ্য এবং গঠনতন্ত্রের প্রতি পূর্ণ আস্থা রাখিয়া আবেদনের মাধ্যমে ভর্তি ফি ও মাসিক চাঁদা যথা ক্রমে ২০০০/- টাকা ৫০/- টাকা দাখিল করিয়া সদস্য হইতে পারিবেন।

০৭/০৬/১৫
মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ

(খ) সদস্যদের নিম্নলিখিত নিয়মগুলি মানিয়া চলিতে হইবে।
প্রতিষ্ঠানের ক্ষতিকর কোন কাজ না করা।
সংস্থার গঠনতন্ত্র ধার্যকৃত মাসিক চাঁদা নিয়মিত দিতে বাধ্য থাকা।
রাষ্ট্র বিরোধী কোন কাজে জড়িত না থাকা।

(গ) সদস্য বাতিল প্রসঙ্গে ঃ-

- সংস্থার গঠনতন্ত্র বিরোধী বা ক্ষতিকর কোন কাজ না করা।
- পর পর তিন মাসের চাঁদা বাকী থাকিলে।
- রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত থাকিলে।
- পর্যায়ক্রমে তিনটি সভায় উপস্থিত না থাকিলে।
- কোন সদস্য/সদস্যার সদস্য পদ বাতিল বলিয়া বিবেচিত হইলে পূনরায় সদস্য পদ গ্রহণ করিবার জন্য তাহাকে সংস্থার ধার্য্যকৃত ভর্তি ফি ও মাসিক চাঁদা প্রদান করিয়া সংস্থার সভাপতি/মহা সচিব এর নিকট আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদন পত্র গৃহীত হইলে কার্যকরী পষিদের অনুমোদন সাপেক্ষে পুনরায় তাহাকে সদস্য পদ দেওয়া যাইতে পারে।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

ধারা নং-৬

সদস্যদের শ্রেণী বিভাগ ঃ-

এই সংস্থায় ৬ (ছয়) প্রকার সদস্য থাকিবে যথা- সাধারণ সদস্য, কার্য্যকরী পরিষদ সদস্য, প্রতিষ্ঠাতা সদস্য, আজীবন সদস্য, দাতা সদস্য ও উপদেষ্টা সদস্য।

১। সাধারণ সদস্য ঃ-

গঠনতন্ত্র বিশ্বাসী ও ভর্তি ফি, মাসিক চাঁদা যথাক্রমে ২০০০/- টাকা ও ৫০/- টাকা প্রদানকারী অত্র সংস্থার নির্দিষ্ট ফরমে আবেদনকারীগণ সংস্থার সাধারণ সদস্য পদ লাভ করিতে পারিবেন।

২। কার্যকরী পরিষদ সদস্য ঃ-

উপস্থিত সভায় সাধারণ সদস্যদের গ্রহণকৃত বা অনুমোদিত কার্যকরী পরিষদের মোট ১১ (এগার) জন সদস্য কার্যকরী সদস্য বলিয়া গন্য হইবে।

৩। প্রতিষ্ঠাতা সদস্য ঃ-

প্রাথমিক পর্যায়ে যাহারা এই প্রতিষ্ঠান গঠন করার জন্য নিজেদেরকে আত্ম নিয়োগ করিয়াছেন তাহারাই প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে গণ্য হইবে। তবে সংস্থার স্বার্থের পরিপন্থি কোন কাজ করিলে সে কোন প্রতিষ্ঠাতা সদস্য তাহার সদস্য পদ হারাইবেন।

৩/০১/২৫
মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
গাজিপুর।

৪। আজীবন সদস্য ঃ-

যিনি এককালীন এই প্রতিষ্ঠানে ১০,০০০/- (দশ হাজার) টাকা (বিদেশী নাগরীক ১০০ ডলার) বা উহার অধিক টাকা দান করিবেন তিনি এই প্রতিষ্ঠানের আজীবন সদস্য বলিয়া গণ্য হইবেন।

৫। দাতা সদস্য ঃ-

যিনি এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা বা ঐ টাকার পরিমাণ ভূ-সম্পত্তি অথবা দ্রব্য দান করিবেন তিনি দাতা সদস্য বলিয়া গণ্য হইবে।

৬। উপদেষ্টা সদস্য ঃ-

যিনি বা যাহারা অত্র প্রতিষ্ঠানের সার্বিক কল্যান ও সুষ্ঠু ব্যবস্থাপনায় সুপরামর্শ প্রদান এবং সার্বিক সহযোগিতা করিবেন তাহারাই উপদেষ্টা পরিষদের সদস্য বলিয়া গণ্য হইবেন। .

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

ধারা নং-৭

(ক) সভাপতি	- ১ জন
(খ) উর্দ্ধতন সহ-সভাপতি	- ১ জন
(গ) সহ-সভাপতি	- ১ জন
(ঘ) মহা সচিব	- ১ জন
(ঙ) সহকারী মহা সচিব	- ১ জন
(চ) অর্থ সচিব	- ১ জন
(ছ) নির্বাহী সদস্য	- ৫ জন
মোট	- ১১ জন।

ধারা নং-৮

কার্যকরী পরিষদ গঠন, কার্যকাল ও ক্ষমতা ঃ-

(ক) সাধারণ সভায় গঠিত কার্যকরী পরিষদ গঠনের তারিখ হইতে ০৩ (তিন) বৎসরের জন্য নির্বাচিত হইয়া বা বলবত থাকিয়া প্রতিষ্ঠানের প্রকল্প সমূহ বাস্তবায়নে যাবতীয় কার্য সম্পাদন করিবেন। উক্ত মেয়াদ শেষ হইলে নতুন কার্যকরী পরিষদ গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

মোহাম্মাদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ।

(খ) নির্বাচন পরিচালনার জন্য কার্যকরী পরিষদ একটি নির্বাচন পরিষদ গঠন করিবেন। তিন জন বা দুই জন নিরপেক্ষ সদস্য সমন্বয় এই পরিষদ গঠন করা হইবে। নির্বাচন বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(গ) প্রতিষ্ঠানের কর্মসূচী ও প্রকল্প সমূহ সুষ্ঠু ভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজন রোধে কার্যকরী পরিষদ ইচ্ছা করিলে যে কোন মূহুর্তে পরিষদের যে কোন সদস্যকে রদবদলের ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ধারা নং-৯

কার্যকরী পরিষদ সদস্যদের ক্ষমতা ও দায়িত্ব ঃ-

(ক) সভাপতি ঃ-

সভাপতি প্রতিষ্ঠানের সাংগঠনিক প্রধান। তিনি সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং নোটিশ বিজ্ঞপ্তি ইত্যাদির অনুমোদন করিবেন। প্রতিষ্ঠানের বার্ষিক বাজেট তাহার অনুমোদন ব্যতীত কার্যকরী হইবে না।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

(খ) উর্দ্ধতন সহ-সভাপতি/সহ-সভাপতি ঃ-

সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি সভাপতির ক্ষমতা প্রাপ্ত হইবেন এবং সভাপতির সমুদয় দায়িত্ব পালন করিবেন।

১। সভাপতি ও সহ-সভাপতি সাহেব উভয়ই অনুপস্থিত থাকিলে মহা সচিব জরুরী সভা আহবান করিয়া তাহার উপর নির্বাহী ক্ষমতার বলে সংস্থার স্বার্থে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন। তবে প্রকাশ থাকে যে, পরবর্তী সভায় অবশ্যই উহার অনুমোদন লইতে হইবে। তিনি সভার অনুমোদন ব্যতিরেকে প্রতিষ্ঠানের উন্নয়ন মূলক যে, কোন জরুরী কাজের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত খরচ করিতে পারিবেন। তবে পরবর্তী সভায় উক্ত খরচে অনুমোদন লইতে হইবে। মহা সচিব সাহেব প্রতিষ্ঠানের বার্ষিক কল্যানের জন্য সরকারী প্রতিষ্ঠান, বিদেশী দাতা সংস্থা এবং স্থানীয় প্রশাসনের সহিত সমন্বয় যোগাযোগ ও অন্য যে কোন ধরনের অনুদান গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করিবেন। তাছাড়া প্রতিষ্ঠানের প্রকল্প সমূহ সুষ্ঠু বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ তথা কর্মকর্তা ও কর্মী নিয়োগের ব্যাপারে সভাপতি সাহেবের সাথে যোগাযোগ সাধন পূর্ব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

০৪/০৮/১৫
মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ

(গ) মহা-সচিব ঃ-

২। তিনি প্রতিষ্ঠানের মূল দায়িত্বশীল ও প্রধান কর্মকর্তা হিসাবে গণ্য এবং সর্বোচ্চ নির্বাহী ক্ষমতার অধিকারী হইবেন। তাহার পরামর্শ ও নির্দেশ অনুযায়ী কার্যকরী পরিষদের অন্যান্য সদস্যগণ তাহাদের স্বীয় দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন। তিনিই প্রতিষ্ঠানের যাবতীয় মূল্যবান কাগজ পত্র বা দলিল পত্র রক্ষনাবেক্ষণ করিবেন এবং কার্যকরী পরিষদের সভা আহ্বান করিবেন। মহা সচিব সাহেব বার্ষিক সাধারণ সভায় বাজেট ও রিপোর্ট পেশ করিবেন।

(ঘ) সহকারী মহা সচিব ঃ-

মহা সচিব সাহেবের অনুপস্থিতিতে তিনি মহা সচিবের সকল প্রকার দায়িত্ব পালন করিবেন। তবে পরবর্তী সভায় উহার অনুমোদন লইতে হইবে।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

(ঙ) অর্থ সচিব ঃ-

প্রতিষ্ঠানের হিসাব নিকাশ ও চাঁদা আদায়ের দায়িত্ব তাহার উপর ন্যাস্ত থাকিবে। তিনি যাবতীয় আয়-ব্যয় ও হিসাব সংরক্ষণ করিবেন।

(চ) নির্বাহী সদস্যগণ, সভাপতি ও মহা সচিবের নির্দেশ অনুযায়ী তাহাদের স্বীয় দায়িত্ব পালন করিবেন। তাছাড়া নির্বাহী সদস্যগণ প্রতিষ্ঠানের প্রকল্প সমূহ/কার্যক্রমের উপর সার্বক্ষনিক ভাবে নজর রাখিবেন।

ধারা নং-১০

সভার বিবরণ ঃ-

(ক) সাধারণ সভা।

(খ) কার্যকরী পরিষদ সভা।

(গ) জরুরী সভা।

(ঘ) মূলতবী সভা।

(ঙ) তলবী সভা।

০৮/০৮/২৫
মোহাম্মদ আলেল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ।

(ক) সাধারণ সভা ঃ-

বৎসরে একবার এই পরিষদের সভা আহবান করিতে হইবে। কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে উক্ত সভায় নোটিশ প্রেরণ করিতে হইবে। দুই তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(খ) কার্যকরী পরিষদ সভা ঃ-

প্রতিমাসে একবার এই পরিষদে সভা অনুষ্ঠিত হইবে। ৭ (সাত) দিন পূর্বে এই সভার নোটিশ প্রেরণ করিতে হইবে। দুই তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(গ) জরুরী সভা ঃ-

কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশের মাধ্যমে এই সভার আহবান করা যাইবে। কমপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে সাধারণ পরিষদ সভা আহবান করা যাইবে। উভয় সভার জন্য দুই তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

(ঘ) কোন আকস্মিক কারনে বা সময়ের অভাবে বা কোরামের অভাবে সভার মূলতবী হইয়া গেলে পরবর্তীতে একই স্থানে ও নির্ধারিত সময়ে উক্ত সভা অনুষ্ঠিত হইবে। এই সভা অনুষ্ঠানের জন্য কোন নোটিশের প্রয়োজন হইবে না। তিনি ভাগের ২ (দুই) ভাগের সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম ধরা হইবে।

(ঙ) তলবী সভা ঃ-

কার্যকরী পরিষদ যদি সাধারণ সভা আহবানের গড়িমসি বা তালবাহানা করেন, এমতাবস্থায় সাধারণ সদস্যগণ যদি সাধারণ সভা আহবানের প্রয়োজনীয়তা মনে করেন তবে এক তৃতীয়াংশ সাধারণ সদস্য লিখিত ভাবে সভাপতি বরাবর ১৫ (পনের) দিনের মধ্যে সাধারণ সভা আহবানের জন্য আবেদন করিবেন। ১৫ (পনের) দিনের মধ্যে কার্যকরী পরিষদ সাধারণ সভা আহবানে ব্যর্থ হইলে এক তৃতীয়াংশ সাধারণ সদস্য লিখিত ভাবে ৫ (পাঁচ) দিনের নোটিশে তলবী সভা আহবান করিতে পারিবেন। ২ (দুই) তৃতীয়াংশ সাধারণ সদস্যের উপস্থিতিতে তলবী সভা কোরাম হইবে। কোরাম সভায় যে কোন সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হইবে।

০৮/০৮/২৫

মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ।

ধারা নং-১১

নির্বাচন ঃ-

প্রতি দুই বৎসর পর পর নির্বাচন অনুষ্ঠিত হইবে। একজন কমিশনার ও একজন সদস্যের সমন্বয়ে নির্বাচন কমিশন গঠিত হইবে। সংস্থার সাথে জড়িত নহে এমন কোন নিরপেক্ষ ব্যক্তিকে নির্বাচন কমিশনার করা হইবে। অনুরূপ ভাবে অপর একজন সদস্য ও সংস্থার সাথে জড়িত নহেন এমন নিরপেক্ষ ব্যক্তি হইতে হইবে। গোপন ব্যালট পেপারের মাধ্যমে অথবা সরাসরি হাত উঠাইয়া প্রত্যেক্ষ ভোটে নির্বাচন অনুষ্ঠিত হইবে। কার্যকরী পরিষদের অধ্যাংশ সদস্যদের অনুমোদন ক্রমে নির্বাচন কমিশনার গঠিত হইবে। নির্বাচনের ৫ (পাঁচ) দিন আগে ভোটার তালিকা সদর কার্যালয়ে নোটিশ বোর্ডে লটকাইয়া দিতে হইবে। নির্বাচন কমিশনারের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোন কার্যকরী পরিষদ সদস্য নির্বাচনের যদি প্রতিদ্বন্দিগণ সমান সংখ্যক ভোট পান তবে লটারীর মাধ্যমে অথবা নির্বাচন কমিশনারের ক্ষমতা বলে কাষ্টিং ভোট দ্বারা ফলাফল নির্ধারিত হইবে।

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh

ধারা নং-১২

(ক) ব্যাংক হিসাব পরিচালনা ঃ-

ব্যুরো অফ সোস্যাল ওয়াচ এর মূল ব্যাংক হিসাব বাংলাদেশের যে কোন রাষ্ট্রয়ত্ব তফসিল ব্যাংকে পরিচালিত হইবে। উল্লেখ্য যে, সংস্থার সভাপতি, মহা সচিব এবং অর্থ সচিব ৩ (তিন) জনের যুক্ত স্বাক্ষরে ব্যাংক হিসাব খোলা হইবে তবে প্রকাশ থাকে যে, মহা সচিব সহ যে কোন দুই জনের যুক্ত স্বাক্ষরের ব্যাংক হিসাব হইতে প্রয়োজনীয় টাকা তোলা হইবে।

(খ) প্রতিষ্ঠানের কর্মসূচী সুষ্ঠু ভাবে পরিচালনার লক্ষ্যে ব্যুরো অফ সোস্যাল ওয়াচ এর প্রকল্প এলাকায় এক বা একাধিক ব্যাংক হিসাব খোলা যাইবে। তবে কার্য্য নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংস্থার অন্যান্য কর্মকর্তাদের যুক্ত স্বাক্ষরে উক্ত ব্যাংক হিসাবে পরিচালিত হইবে।

মোহাম্মদ আব্দুল বাতেন
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
মানিকগঞ্জ

ধারা নং-১৩

অডিট পরিচালনা ঃ

প্রতি বৎসর এক বার সমাজ সেবা অধিদপ্তর অথবা সরকার কর্তৃক অনুমোদিত কোন অডিট ফার্ম দ্বারা অত্র প্রতিষ্ঠানের যাবতীয় হিসাব নিকাশ নিরীক্ষা করা হইবে।

ধারা নং-১৪

সংস্থার সংবিধানের সংশোধন সংযোজন ও পরিবর্তন ঃ-

যদি কোন কারনে বা পরিস্থিতি উক্ত সংস্থার সংবিধানের কোন অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ সংশোধন বা সংযোজন ও পরিবর্তন করিবার প্রয়োজন হয় তবে সাধারণ পরিষদের সভায় উপস্থিতি সদস্যদের ২/৩ অংশের অনুমোদন ক্রমে তালিকা ভূক্তি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এই সংশোধনী, সংযোজনী ও পরিবর্তন বা পরিমার্জন কার্যকরী বলিয়া বিবেচিত হইবে।

ধারা নং-১৫ সংস্থার বিলুপ্তি সাধন ঃ-

যদি কোন কারনে উক্ত সংস্থার বিলুপ্তির প্রশ্ন উঠে তবে সাধরণ পরিষদ সভায় উপস্থিত ৩/৫ অংশ সদস্যের অনুমোদন ক্রমে তালিকা ভূক্তি কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে। উক্ত তালিকা ভূমি কর্তৃপক্ষ এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

ধারা নং-১৬ আইনগত বাধ্যবাধকতা ঃ-

অত্র গঠনতন্ত্রে যাহা কিছু উল্লেখ থাকুক না কেন উক্ত সংস্থাটি ১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশের আওতায় এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী কার্যক্রম পরিচালিত হইবে। অন্যান্য কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

-------- সমাপ্তি --------

Md. Nurul Islam
Secretary General
Bureau of Social Watch
Dhaka, Bangladesh

Bureau of Social Watch
Dhaka, Bangladesh